বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০২.০১.২০.৫০৬/২২৫৮

তারিখ: ২৩-১১-২০১৯খ্রিঃ

বিষয় ঃ এইচএসসি (বি.এম) শিক্ষাক্রমের একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এইচ.এস.সি (বিএম) শিক্ষাক্রমে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করায় এবং বোর্ড কর্তৃক পরিদর্শন টিমের সুপারিশ এর প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদোয়ের অনুমোদনক্রমে নিম্নলিখিত শর্তে বর্ণিত স্পেশালাইজেশনসমূহে ২৩/১১/২০২০ তারিখ হইতে ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। ৩০/০৬/২০২৩ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনা থেকে বিরত করা হবে।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা কোড | প্রতিষ্ঠান কোড ও কারিকুলাম | স্পেশালাইজেশন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মাশুন্দিয়া ভবানীপুর কে.জে.বি মহাবিদ্যালয়, পোঃ মাশুন্দিয়া, বেড়া, পাবনা। | কোড:২৬০৫৮ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ২. | বাঘুটিয়া কারিগরি স্কুল ও কলেজ পোঃ ঘশুরিয়া ভায়া-নাগরপুর, চৌহালী, সিরাজগঞ্জ। | কোড:২৫০৪৩ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৩. | ভবদহ মহাবিদ্যালয় অভয়নগর, যশোর। | কোড: ৩৩০৪৪ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ<br>৪. ব্যংকিং | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৪. | উলিপুর মহিলা ডিগ্রী মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম। | কোড: ১৭০৩০ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৫. | মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রী কলেজ গ্রাম+পোঃ বরংগাইল, শিবালয়, মানিকগঞ্জ। | কোড: ৪৮০১৬ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ<br>৪. উদ্যেক্তা উন্নয়ন | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৬. | খোলাহাটী ডিগ্রী কলেজ পোঃ বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর। | কোড: ১৩০৬৬ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৭. | বিরামপুর টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, পোঃ +উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর। | কোড: ১৩১১৭ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |
| ৮. | সোনারবাংলা কলেজ গ্রাম+ পোঃ সোনাবাড়িয়া, কলারোয়া, সাতক্ষীরা। | কোড: ৩৪০৫১ এইচএসসি (বিএম) | ১.কম্পিউটার অপারেশন<br>২.সেক্রেটারিয়াল সায়েন্স<br>৩. হিসাবরক্ষণ<br>৪. উদ্যেক্তা উন্নয়ন | শর্তসাপেক্ষে স্বীকৃতি প্রাপ্ত |

২৩/১১/২০২০

২৩/১১/২০২০

শর্তসমূহ ঃ

১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ জমি সংক্রান্ত সকল তথ্যের মুল কপি যাচাই বাছাই কমিটিকে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।
২. ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত স্পেশালাইজেশনের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. পরিচালিত স্পেশালাইজেশনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি ) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও অধ্যক্ষ কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।
৬. শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এস,আর, ও অনুসারে যোগ্যতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।
৭. লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
৮. নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।
১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।
১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন স্পেশালাইজেশনে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত স্পেশালাইজেশন/ট্রেড বাতিল করা হবে।
১৩. এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।
১৪. উল্লেখিত শর্তসমূহের কোন ব্যতয় পরিলক্ষিত হলে কারিগরি শিক্ষা বোর্ড উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিল করতে পারবে।

২৬/১১/২০২০
প্রকৌ. মো: আবদুল কুদ্দুস সরকার
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ
.....................................................
.....................................................
স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০২.০১.২০.৫০৬/২২৫৮

তারিখঃ ২৩-১১-২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ব্যানবেইস, নীতক্ষেত, ঢাকা।
৩-৫ সচিব/ পরিচালক/ ( কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক,...............................................
৭. উপজেলা নির্বাহী অফিসার,.......................................
৮. সিষ্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (জরুরী ভিত্তিতে ওয়েব সাইডে প্রকাশের জন্য)
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস নথি।

২৩/১১/২০২০
ড. ইন্দ্রানী ধর
উপ-পরিদর্শক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।